

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mopme.gov.bd

নং-৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬-৪১৫


তারিখঃ ১০ চৈত্র ১৪২৬
২৪ মার্চ ২০২০

বিষয়ঃ করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধকল্পে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ।

সম্প্রতি বাংলাদেশে করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব দেখা দিয়েছে এবং ক্রমাগতই এর বিস্তার ঘটছে। করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে সচেতনতার কোনো বিকল্প নেই। করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদেরকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (ক) দর্শনার্থী সীমিত করুন এবং তাদের সাথে সাক্ষাতে নির্দিষ্ট দুরত্ব বজায় রাখুন;
- (খ) অফিসে ও বাসায় প্রবেশ করে হ্যান্ডওয়াশ/সাবান-পানি দিয়ে ভালভাবে হাত ধুয়ে ফেলুন এবং দৈনিক একাধিকবার হাত ধুয়ার অভ্যাস করুন;
- (গ) বাহির হতে সরবরাহকৃত প্যাকেটের নাস্তা/খাবার পরিহার করুন;
- (ঘ) নিজের ব্যবহৃত জিনিসপত্র (প্লেট, গ্লাস, কাপ ইত্যাদি) নিজে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখুন;
- (ঙ) টয়লেটের দরজার হ্যান্ডেল/হাতল/লক/বৈদ্যুতিক সুইচ, আলমিরার হ্যান্ডেল/হাতল/লক ইত্যাদি জীবানুনাশক দিয়ে পরিষ্কার রাখুন;
- (চ) ই-নথি ব্যবহার করুন;
- (ছ) হার্ড ফাইল/ কাগজপত্রাদি স্পর্শ করার পর হ্যান্ডওয়াশ/সাবান-পানি দিয়ে ভালভাবে হাত ধুয়ে ফেলুন;
- (জ) মুখে/নাকে/কানে অযথা হাত দেওয়া থেকে বিরত থাকুন;
- (ঝ) যথাসম্ভব লিফট ব্যবহার না করে সিডি ব্যবহার করুন;
- (ঞ) নিয়ন্ত্রণকারী কর্মকর্তাবৃন্দ তার অধীন কর্মকর্তা/কর্মচারীদের করোনা সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে দৃষ্টি রাখবেন;
- (ট) যানবাহনের স্টিয়ারিং/হাতল/ফ্লোর/বসার স্থান জীবানুনাশক দিয়ে পরিষ্কার রাখুন;
- (ঠ) করোনা ভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় সরকারের এবং বিশেষজ্ঞগণের পরামর্শ বাসায় ও অফিসে প্রতিপালন করুন;

করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধকল্পে উপরোক্ত সচেতনতামূলক কার্যক্রমসমূহ শিক্ষকগণ সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ও তাদের অভিভাবকদেরকে সময় সময় অবহিত করবেন।


(ড. মোঃ মাহবুবুর রশীদ)
উপসচিব
ফোনঃ ৯৫১৪০৯১

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৫. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৬. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৭. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৮. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৯. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. উপপ্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩. উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা।
১৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
১৭. সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
১৮. জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৯. অফিস কপি।